# সাঁইথিয়া পৌরসভা

## পো- সাঁইথিয়া : জেলা - বীরভূম

স্মারক নং:- ২১২৭(২০)/এস এম/২০২২ তাং -২৯/০৯/২০২২

প্রতি,
সভাপতি/সম্পাদক,
সাঁইথিয়া বাস/ট্রাক-লরী/মিনিবাস/মিনিট্রাক মালিক সমিতি,
সাঁইথিয়া বাসমালিক কল্যান সমিতি,
সাঁইথিয়া বাস/ট্রাক-লরী/মিনিবাস/মিনিট্রাক পরিবহন শ্রমিক সমিতি,
(তৃণমূল/আই.এন.টি.ইউ.সি./সিটু),
সাঁইথিয়া ট্যাক্সি পরিবহন শ্রমিক সমিতি,
(নন্দীকেশ্বরী তলা স্ট্যান্ড/ষ্টেশান স্ট্যান্ড/ইউনিয়ন বোর্ড মোড় স্ট্যান্ড),
টোটো/ অটো পরিবহন শ্রমিক সমিতি,
সাঁইথিয়া রিক্সা / ভ্যান রিক্সা/চায়না ভ্যান চালক সমিতি
সাঁইথিয়া, বীরভূম

মহাশয় (গণ),

এতদ্বারা জানানো যাচ্ছে যে, আসন্ন শারদীয়া দুর্গাপূজার দিনগুলিতে এই শহরে শান্তিতে এবং সুশৃঙ্খলভাবে পূজা উদযাপনের লক্ষ্যে এই শহরে চলাচলকারী বাস / ট্রাক-লরী / ট্রাকটর / মিনিবাস / মিনিট্রাক / ট্যাক্সি /টোটো / রিক্সা / রিক্সাভ্যান/যন্ত্রচালিত চায়না ভ্যান ইত্যাদি যানবাহনাদির চলাচল 'ষষ্ঠী' হতে 'দ্বাদশী' পর্যন্ত অর্থাৎ ০১/১০/২০২২ তারিখ হতে ০৭/১০/২০২২ তারিখ পর্যন্ত নিম্নে উল্লেখমতো ব্যবস্থা অনুযায়ী নিয়ন্ত্রিত হবে।

আপনার নিন্ত্রনাধীন সমিতির সকল সদস্য যাতে উপরোক্ত যানবাহন চলাচল নিয়ন্ত্রন ব্যবস্থা মেনে চলেন সেরূপ ব্যবস্থা নিতে আপনাকে অনুরোধ জানানো হচ্ছে।

পূজার দিনগুলিতে শহরে সার্বিক শান্তি শৃঙ্খলা বজায় রাখার জন্য আপনাদের সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

ক) সাঁইথিয়া শহর হতে বা সাঁইথিয়া অভিমুখী বিভিন্ন রুটের বাস / মিনিবাস এর চলাচল জন্য নিয়ন্ত্রন ব্যবস্থা :-

| রুটের নাম | যেখান হতে বাস / মিনিবাস ছাড়বে কিংবা এসে পৌছাবে |
|---|---|
| ১) সাঁইথিয়া - সিউড়ী<br>সাঁইথিয়া - মহঃবাজার<br>সাঁইথিয়া - রামপুরহাট<br>সাঁইথিয়া - পাঁচথুপি<br>সাঁইথিয়া - রামনগর<br>সাঁইথিয়া - কোটাসুর<br>সাঁইথিয়া - কলেশ্বর<br>সাঁইথিয়া - ময়ূরেশ্বর<br>সাঁইথিয়া - দেওঘর<br>সাঁইথিয়া - দুমকা<br>সাঁইথিয়া - কান্দি - বহরমপুর<br>সাঁইথিয়া - দুর্গাপুর / আসানসোল / বরাকর<br>ইত্যাদি রুটের বাস/ মিনিবাসের জন্য | জয় হিন্দ বাস টার্মিনাস হতে ছাড়বে কিংবা এসে পৌছাবে |

| রুটের নাম | যেখান হতে বাস / মিনিবাস ছাড়বে কিংবা এসে পৌছাবে |
| --- | --- |
| ২)সাঁইথিয়া - লাভপুর<br>সাঁইথিয়া - কীর্নাহার<br>সাঁইথিয়া - কৃষ্ণনগর<br>সাঁইথিয়া - কাটোয়া<br>সাঁইথিয়া - নবদ্বীপ<br>সাঁইথিয়া - দাড়কা<br>সাঁইথিয়া - গুনুটিয়া<br>ইত্যাদি রুটের জন্য | সাঁইথিয়া অভেদানন্দ কলেজের নিকট হতে ছাড়বে কিংবা সেখানে এসে পৌছাবে। |
| ৩)সাঁইথিয়া - বোলপুর ভায়া আহমদপুর<br>সাঁইথিয়া লাভপুর (ভায়া নেতুর)<br>ইত্যাদি রুটের জন্য | রক্ষাকালীতলার নিকট রেলের ছ'ফুকোর সামনে ফাঁকা জায়গায় |

খ) সাঁইথিয়া শহর হতে যাত্রা শুরু করেছে এমন কিংবা সাঁইথিয়া অভিমুখী বিভিন্ন স্থান হতে আগত ট্রাক-লরী / মিনিট্রাক ইত্যাদি চলাচল জন্য নিয়ন্ত্রন ব্যবস্থা **(গতিবেগ সর্বাধিক ১০ কিমি/ঘন্টা)** :-

| | |
| --- | --- |
| ১) ট্রাক-লরী / মিনিট্রাক ইত্যাদির জন্য | সকাল ৬ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত এবং বৈকাল ৩ টা থেকে রাত্রি ১১ টা পর্যন্ত কোন ট্রাক-লরী / মিনিট্রাক ইত্যাদি সাঁইথিয়া শহরের ভিতরে ঢুকতে পারবে না। ঐ সময় বাদ দিয়ে অন্য সময় উক্ত যানবাহনগুলি শহরের ভিতরের রাস্তা দিয়ে চলাচল করতে পারবে। |
| ২) সিউড়ী কিংবা পুরন্দরপুর হতে মাঠপলসা হয়ে কিংবা মহঃবাজার বা কোটাসুরের দিক হতে যে ট্রাকগুলি সাঁইথিয়ায় আসবে। | সকাল ৬ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত এবং বৈকাল ৩ টা থেকে রাত্রি ১১ টার মধ্যে সাঁইথিয়ায় এলে সেগুলি সাঁইথিয়া-সিউড়ী রোডে পেট্রল পাম্পের নিকট হল্ট করবে। |
| ৩) চৌহাট্টার দিক হতে যে ট্রাকগুলি সাঁইথিয়া আসবে। | সকাল ৬ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত এবং বৈকাল ৩ টা থেকে রাত্রি ১১ টার মধ্যে সাঁইথিয়ায় এলে সেগুলি অভেদানন্দ কলেজের নিকট হল্ট করবে। |
| ৪) বোলপুর / আহমদপুর / বাতাসপুরের দিক হতে যে ট্রাকগুলি সাঁইথিয়ায় আসবে। | সকাল ৬ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত এবং বৈকাল ৩ টা থেকে রাত্রি ১১ টার মধ্যে সাঁইথিয়া এলে সেগুলি সাঁইথিয়া-বোলপুর রোডে ক্যানেলের নিকট হল্ট করবে। |

গ) ট্যাক্সি/ট্রেকার/যাত্রীবাহি টেম্পো ইত্যাদি চলাচলের জন্য নিয়ন্ত্রন ব্যবস্থা :-

১) ইউনিয়ন বোর্ডের নিকটস্থ স্ট্যান্ডের ট্যাক্সি চালকগণ - উক্ত স্থানের অদূরে সদানন্দ মন্ডলের কাঠগোলার সামনের রাস্তা পার্শ্বস্থ জায়গা ট্যাক্সি/ট্রেকার/যাত্রীবাহি টেম্পো ইত্যাদি স্ট্যান্ড হিসাবে ব্যবহার করবেন।

২) সপ্তমী হতে দশমী পর্যন্ত বৈকাল ৪ টা হতে রাত্রি ১০ টা পর্যন্ত কোন ট্যাক্সি/ট্রেকার/ভ্যান (যন্ত্রচালিত ইত্যাদি চার চাকা কিংবা তিন চাকা গাড়ি শহরের অভ্যন্তরের কোন জায়গায় চলাচল করতে পারবে না। উক্ত সময়সীমার আগে কিংবা পরে যখন সেগুলি চালানো যাবে তখনও সেগুলি ঘন্টায় ১০ কি.মি.র অধিক গতিবেগে চালানো যাবে না।

ঘ) টোটো/অটো চলাচলের জন্য নিয়ন্ত্রন ব্যবস্থা :- - সপ্তমী থেকে দশমী বিকেল ৪.০০ টা থেকে রাত্রি ১০.০০ টা পর্যন্ত শহরের অভ্যন্তরে কোন জায়গায় টোটো গাড়ী চলাচল করতে পারবে না । উক্ত সময়সীমার আগে ও পরে শহরে টোটো/অটো চলাচল করতে পারবে ।

ঙ) রিক্সা / রিক্সাভ্যান ইত্যাদি চলাচলের জন্য নিয়ন্ত্রন ব্যবস্থা :-

১) মোহনবাগান মোড়, সন্ধানী মোড়, পোস্ট অফিস মোড়, মিষ্টি মহল মোড় ইত্যাদি স্থানের রিক্সাস্ট্যান্ডে কোন রিক্সাচালক রিক্সা স্ট্যান্ড করতে পারবে না। সেখানকার রিক্সাচালকগণ আপাতত ষষ্ঠী হতে দশমী পর্যন্ত দুর্গাপূজার দিনগুলিতে সাঁইথিয়া পুরাতন বাসস্ট্যান্ডের ভিতরের জায়গা রিক্সাস্ট্যান্ড হিসাবে ব্যবহার করবেন।

চ) **যন্ত্রচালিত চায়না ভ্যান** চলাচলের জন্য নিয়ন্ত্রন ব্যবস্থা : -

**- ষষ্ঠী (০১/১০/২০২২) থেকে একাদশী (০৬/১০/২০২২) পর্যন্ত কোনো চায়না ভ্যান শহরে প্রবেশ করতে পারবে না ।**

**ফেরীঘাট:** - পূজোর দিনগুলিতে নিম্নলিখিত সময়ে ফেরীঘাটে যানচলাচল বন্ধ থাকবে -

১) সপ্তমী, অষ্টমী, নবমী/দশমী প্রত্যহ বিকেল ৪ টে থেকে রাত্রি ১১ টা পর্যন্ত;

এছাড়াও

২) সপ্তমী - সকাল ৫ টা থেকে সকাল ১০ টা,

৩) দশমী - সকাল ৬ টা থেকে বেলা ১১ টা পর্যন্ত এবং

৪) একাদশী - সকাল ৬ টা থেকে রাত্রি ১১ টা পর্যন্ত ।

বাকি সময়ে ফেরীঘাটে যান চলাচল অব্যাহত থাকবে ।

সংশ্লিষ্ট সকলকে উপরোক্ত নির্দেশাবলী কঠোরভাবে পালন করতে অনুরোধ জানানো হচ্ছে ।

ইতি -

ভবদীয় -

বি. দ্র.:- অনিবার্য কারনবশতঃ উপরোক্ত নিয়ন্ত্রন বিধির পরিবর্ত্তনের আবশ্যকতা দেখা দিলে তাহা সাঁইথিয়া পৌরকর্তৃপক্ষ মাইক সহযোগে যথাসময়ে জানিয়ে দেবেন।

Chairman
Sainthia Municipality
Sainthia, Birbhum
29/09/2022

পত্রাঙ্ক : ২১২৭(২০)/১(৬)/এস.এম./২০২২ দিনাঙ্ক: - ২৯/১০/২০২২

ইহার অনুলিপি যথাবিহিত ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হল : -

১) সদর মহকুমা শাসক, সিউড়ী, সদর, বীরভূম;

২) ভারপ্রাপ্ত আধিকারিক, সাঁইথিয়া থানা, সাঁইথিয়া, বীরভূম

৩) প্রেসিডেন্ট / সেক্রেটারী, সাঁইথিয়া ব্যবসায়ী সমিতি, সাঁইথিয়া, বীরভূম

৪) ষ্টেশন ম্যানেজার, সাঁইথিয়া রেলওয়ে ষ্টেশন, সাঁইথিয়া, বীরভূম

৫) ভারপ্রাপ্ত আধিকারিক, জি. আর. পি. থানা, সাঁইথিয়া রেলওয়ে ষ্টেশন, সাঁইথিয়া, বীরভূম;

৬) শ্রী ফাল্গুনী দত্ত, সি এন্ড এফ এজেন্ট, সাঁইথিয়া, বীরভূম মহাশয়কে এককপি পাঠিয়ে অনুরোধ করা হচ্ছে যে তিনি যেন সাঁইথিয়া রেল রেক পয়েন্ট এর সঙ্গে যুক্ত সকল সি. এন্ড. এফ. এজেন্টকে অনুগ্রহ করে দুর্গাপূজার দিনগুলিতে যানচলাচল নিয়ন্ত্রন বিষয়ে অবহিত করেন।

Chairman
Sainthia Municipality
Sainthia, Birbhum
29/09/2022